গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
শহীদ বুলবুল সরকারি কলেজ, পাবনা
E-mail: sbgc.gov.college@gmail.com
www.sbgcp.edu.bd

অধ্যক্ষ ঃ ০২৫৮৮৮-৪৩৮৮৯
অফিস ঃ ০২৫৮৮৮-৪২২৮০
মোবাইল ঃ ০১৩০৯-১২৫৬৬৪


বিজ্ঞপ্তি নম্বর ১৪৬/২০২৪

তারিখ: ০৯/০৪/২০২৪ খ্রি.

## এইচএসসি পরীক্ষা-২০২৪ ফরম পূরণের বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৪ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষার ফরম পূরণের জন্য নিয়মিত, অনিয়মিত, আংশিক বিষয়ে অকৃতকার্য, শুধু ১/২ বিষয়ে অকৃতকার্য, প্রাইভেট পরীক্ষার্থী, জিপিএ উন্নয়ন পরীক্ষার্থীকে অবশ্যই নিম্নোক্ত পদ্ধতিতে ফরম পূরণ সম্পন্ন করতে হবে।

০১। প্রথমে কলেজের ফরম পূরণের ওয়েবসাইট https://sbgcp.eshiksaems.com লিংকে প্রবেশ করার পর User Name: sbgcpstudent ও Passward: sbgcpstudent দিয়ে Login করে শিক্ষার্থীর Profile থেকে বিষয় কোডগুলো নিশ্চিত হওয়ার পর শিক্ষার্থীকে ফি পরিশোধ করতে হবে। নিয়মিত শিক্ষার্থীরা ক্লাস রোলের বিপরীতে এবং অনিয়মিত(সকল পত্র)/মানোন্নয়ন/এক বা দুই বিষয়ের শিক্ষার্থীরা রেজিস্ট্রেশন নম্বরের বিপরীতে নগদ/বিকাশ/রকেট অ্যাপের মাধ্যমে ফি পরিশোধের পর আবার ওয়েবসাইটে প্রবেশ করবে এবং User Name ও Passward দিয়ে Login করে Pay Slip এবং Profile ক্লিক করে বিষয় কোডগুলো প্রিন্ট করে দুইটা Printout এর সাথে রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি একসাথে কলেজে জমা দিতে হবে।

০২। কেবল বৈধ রেজিস্ট্রেশনধারী শিক্ষার্থীগণ আবেদন ফরম পূরণ করতে পারবে। কোনো পরীক্ষার্থী তার রেজিস্ট্রেশন কার্ডে উল্লেখিত কোনো বিষয়/বিষয়সমূহ ব্যতীত কোনো পরীক্ষায় অংশগ্রহণ করলে উক্ত বিষয়/বিষয়সমূহের পরীক্ষা কোনোরূপ যোগাযোগ ছাড়াই বাতিল হয়ে যাবে।

০৩। সকল ধরণের পরীক্ষার্থীকে অবশ্যই ফরম পূরণ করতে হবে।

০৪। বিলম্ব ফি ছাড়া ফরম পূরণ, ফরম জমা ও ফি জমাদানের সময়সূচি : ১৬/০৪/২০২৪ থেকে ২৫/০৪/২০২৪ পর্যন্ত।

০৫। বিলম্ব ফি সহ ফরম পূরণ, ফরম জমা ও ফি জমাদানের সময়সূচি : ২৯/০৪/২০২৪ থেকে ০২/০৫/২০২৪ পর্যন্ত।

| বিভাগ | কাগজ পত্র ও ফরম জমা নেওয়ার সময়সূচি | ফরম জমাদানের স্থান |
|---|---|---|
| বিজ্ঞান, মানবিক, ব্যবসায় শিক্ষা এবং সকল বিভাগের অনিয়মিত, রিটেন্ড, ডিটেন্ড, মানোন্নয়ন, এক ও দুই বিষয় | ১৬/০৪/২০২৪ থেকে ২৫/০৪/২০২৪ তারিখ পর্যন্ত সকাল ১০:০০ টা হতে দুপুর ২:০০ টা পর্যন্ত | গণিত ও রসায়ন বিভাগ |

বি.দ্র: ১৯/০৪/২০২৪ তারিখ শুক্রবার ফরমপূরণ কার্যক্রম বন্ধ থাকবে এবং ২০/০৪/২০২৪ তারিখ শনিবার ফরমপূরণ কার্যক্রম চলবে।

০৬। নির্ধারিত সময়ের মধ্যে কোনো পরীক্ষার্থী ফি পরিশোধ করতে ব্যর্থ হলে তার ফরম পূরণ সম্পন্ন হয় নি বলে গণ্য হবে।

০৭। এক বা দুই বিষয়ে (৪র্থ বিষয় বাদে) অকৃতকার্য/অনুপস্থিত শিক্ষার্থীরা রেজিস্ট্রেশনের মেয়াদ থাকলে ফরমপূরণ করতে পারবে।

০৮। আবশ্যিক বিষয়ে অকৃতকার্য শিক্ষার্থীকেও ফরম পূরণ করতে হবে।

০৯। ২০১৯-২০ সেশনের পূর্বের রেজিস্ট্রেশনধারী কোনো পরীক্ষার্থী ২০২৪ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। তবে ২০১৮-১৯ সেশনের এক বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থী রেজিস্ট্রেশন নবায়ন করে এক বিষয়ের(চতুর্থ বিষয় বাদে) পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

১০। যে সকল পরীক্ষার্থী ২০২১, ২০২২ ও ২০২৩ সালের এইচএসসি পরীক্ষার যে কোনো এক বা একাধিক বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করে এক বিষয়ের (চতুর্থ বিষয় বাদে) পরীক্ষায় অকৃতকার্য হয়েছে এবং যে কোনো কারণে তারা ২০২১, ২০২২ ও ২০২৩ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারে নি অথচ তাদের ২০২৩ সালে রেজিস্ট্রেশনের মেয়াদ শেষ হয়ে গেছে তারাও অতিরিক্ত ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা নবায়ন ফি বোর্ড ফি'র সাথে পরিশোধ করে শুধু এক বারের জন্য রেজিস্ট্রেশন নবায়নপূর্বক ২০২৪ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

১১। ২০২৩ সালের অনিয়মিত, প্রাইভেট পরীক্ষার্থী পরীক্ষায় দুই বা ততোধিক বিষয়ে অকৃতকার্য থাকলে কখনই রেজিস্ট্রেশন নবায়ন করা যাবে না।

১২। শুধু ২০২৩ সালের এইচএসসি পরীক্ষায় সকল বিষয় অংশগ্রহণকারী শিক্ষার্থীরাই জিপিএ উন্নয়নের জন্য ফরম পূরণ করতে পারবে।

১৩। জিপিএ উন্নয়নের ক্ষেত্রে রেজিস্ট্রেশন নবায়ন করা যাবে না।

১৪। এক বা দুই বিষয়ের অকৃতকার্য যে সকল পরীক্ষাথী ২০২৩ সালের এইচএসসি পরীক্ষার ফরমপূরণ করে প্রবেশপত্র পেয়েছে এবং পরীক্ষায় অংশগ্রহণ করে উত্তীর্ণ হয়েছে তারা কখনোই জিপিএ উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

১৫। ফরম পূরণ ব্যতীত পরীক্ষার্থীর ফলাফল প্রকাশের সুযোগ নেই।

১৬। নিয়মিত শিক্ষার্থী প্রতি ফরম পূরণ ফি নিম্নলিখিত হারে নির্ধারণ করা হয়েছে :

| বিজ্ঞান শাখা | মানবিক শাখা | | ব্যবসায় শিক্ষা |
|---|---|---|---|
| | একপত্র ব্যবহারিক থাকলে | তিনপত্র ব্যবহারিক থাকলে | |
| ২,৮০৫/- | ২,২৪৫/- | ২,৩৮৫/- | ২,৩৮৫/- |

**বি.দ্র: ফরম পূরণকৃত পরীক্ষার্থীর চূড়ান্ত তালিকায় স্বাক্ষর দেওয়ার তারিখ ও সময় : ০৫, ০৬, ও ০৭ মে, ২০২৪ প্রতিদিন সকাল ১০:০০ টা থেকে দুপুর ২:০০ টা পর্যন্ত।**

### ফি জমাদানের নিয়মাবলি:

**নিয়মিত শিক্ষার্থী: Nagad/Bkash/Rocket App>Bill Pay>Shahid Bulbul Govt. College>Student ID(Class Roll)>TK>Paid**

**অনিয়মিত/এক বা দুই বিষয়/মানোন্নয়ন শিক্ষার্থী: Nagad/Bkash/Rocket App>Bill Pay>Shahid Bulbul Govt. College>Student ID (Reg. No) >TK>Paid**

**বি.দ্র.: প্রযোজ্য ক্ষেত্রে সরকারি পাওনা ও সেশন ফি পরিশোধ করতে হবে।**

০৯/৪/২৪
প্রফেসর মোঃ বাহেজ উদ্দিন
আইডি. নং-৭৮৮২
অধ্যক্ষ
শহীদ বুলবুল সরকারি কলেজ, পাবনা
প্রফেসর মোঃ বাহেজ উদ্দিন (৭৮৮২)
অধ্যক্ষ
শহীদ বুলবুল সরকারি কলেজ, পাবনা।

০৭/৪/২৪
আহ্বায়ক
উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট ফরমপূরণ ও পরীক্ষা কমিটি-২০২৪
শহীদ বুলবুল সরকারি কলেজ, পাবনা

# শহীদ বুলবুল সরকারি কলেজ ,পাবনা

## বিজ্ঞান বিভাগের শিক্ষার্থীদের

## ২০২৪ সালের এইচএসসি পরীক্ষার ফরম পূরণ সংক্রান্ত এক নজরে ফির তালিকা :

| ক্র/নং | পরীক্ষার্থীর ধরণ | বিভাগ | পত্র সংখ্যা | ব্যবহারিক পত্র সংখ্যা | টাকার পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১. | নিয়মিত | বিজ্ঞান | ১৩ | ০৯ | ২,৮০৫/- | |
| ২. | G.P.A উন্নয়ন | বিজ্ঞান | ১৩ | ০৯ | ২,৯০৫/- | |
| ৩. | রিটেন্ড | বিজ্ঞান | ১৩ | ০৯ | ২,৮০৫/- | যারা পূর্ববর্তী বছরে ফরম পূরণ করেছিল |
| ৪. | ডিটেন্ড | বিজ্ঞান | ১৩ | ০৯ | ২,৯০৫/- | যারা পূর্ববর্তী বছরে ফরম পূরণ করেনি |
| ৫. | ১ বিষয় | বিজ্ঞান | ০২ | ০২ | ১,১৩০/- | রেজি: মেয়াদ না থাকলে আরও ২৫০/- টাকা যোগ হবে। |
| ৬. | ১ বিষয় | বিজ্ঞান | ০১ | ০১ | ৯২৫/- | শুধু আই.সি.টি পরীক্ষার্থী |
| ৭. | ১ বিষয় | বিজ্ঞান | ০২ | × | ৯৯০/- | |
| ৮. | ২ বিষয় | বিজ্ঞান | ০৪ | ০৪ | ১,৪৯০/- | |
| ৯. | ২ বিষয় | বিজ্ঞান | ০৪ | ০২ | ১,৩৫০/- | |
| ১০. | ২ বিষয় | বিজ্ঞান | ০৪ | × | ১,২১০/- | |
| ১১. | ২ বিষয় | বিজ্ঞান | ০৩ | ০১ | ১,১৪৫/- | শুধু তত্ত্বীয় ও আই.সি.টি পরীক্ষার্থী |
| ১২. | ২ বিষয় | বিজ্ঞান | ০৩ | ০৩ | ১,২৮৫/- | |

বি.দ্রঃ প্রযোজ্য ক্ষেত্রে সরকারি পাওনা ও সেশন ফি পরিশোধ করতে হবে এবং চতুর্থ বিষয়ে মানোন্নয়ন দেওয়া যাবে না।

০৭/৪/২৪
প্রফেসর মোঃ বাহেজ উদ্দিন
আইডি. নং-৭৮৮২
অধ্যক্ষ
শহীদ বুলবুল সরকারি কলেজ, পাবনা

প্রফেসর মোঃ বাহেজ উদ্দিন (৭৮৮২)
অধ্যক্ষ
শহীদ বুলবুল সরকারি কলেজ, পাবনা।

০৭/৪/২৪
আহ্বায়ক
উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট ফরমপূরণ ও পরীক্ষা কমিটি-২০২৪
শহীদ বুলবুল সরকারি কলেজ, পাবনা

অনুলিপি:
১। উপাধ্যক্ষ, শহীদ বুলবুল সরকারি কলেজ, পাবনা
২। সম্পাদক, শিক্ষক পরিষদ, শহীদ বুলবুল সরকারি কলেজ, পাবনা
৩। হিসাবরক্ষক, শহীদ বুলবুল সরকারি কলেজ, পাবনা
৪। অফিস নথি।

# শহীদ বুলবুল সরকারি কলেজ, পাবনা

## মানবিক/ব্যবসায় শিক্ষা বিভাগের শিক্ষার্থীদের

## ২০২৪ সালের এইচএসসি পরীক্ষার ফরম পূরণ সংক্রান্ত এক নজরে ফির তালিকা :

| ক্র/নং | পরীক্ষার্থীর ধরণ | বিভাগ | পত্রসংখ্যা | ব্যবহারিক পত্র সংখ্যা | টাকার পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১. | নিয়মিত | মানবিক/ব্যবসায় শিক্ষা | ১৩ | ০৩ | ২,৩৮৫/- | |
| ২. | নিয়মিত | মানবিক | ১৩ | ০১ | ২,২৪৫/- | |
| ৩. | ডিটেন্ড | মানবিক/ব্যবসায় শিক্ষা | ১৩ | ০৩ | ২,৪৮৫/- | যারা পূর্ববর্তী বছরে ফরম পূরণ করেনি |
| ৪. | ডিটেন্ড | মানবিক | ১৩ | ০১ | ২,৩৪৫/- | |
| ৫. | রিটেন্ড | মানবিক/ব্যবসায় শিক্ষা | ১৩ | ০৩ | ২,৩৮৫/- | যারা পূর্ববর্তী বছরে ফরম পূরণ করেছিল |
| ৬. | রিটেন্ড | মানবিক | ১৩ | ০১ | ২,২৪৫/- | |
| ৭. | G.P.Aউন্নয়ন | মানবিক/ব্যবসায় শিক্ষা | ১৩ | ০৩ | ২,৪৮৫/- | |
| ৮. | G.P.Aউন্নয়ন | মানবিক | ১৩ | ০১ | ২,৩৪৫/- | |
| ৯. | ১ বিষয় | মানবিক/ব্যবসায় শিক্ষা | ০১ | ০১ | ৯২৫/- | শুধু আই.সি.টি পরীক্ষার্থী |
| ১০. | ১ বিষয় | মানবিক/ব্যবসায় শিক্ষা | ০২ | ০২ | ১,১৩০/- | রেজি: মেয়াদ না থাকলে আরও ২৫০/- টাকা যোগ হবে। |
| ১১. | ১ বিষয় | মানবিক/ব্যবসায় শিক্ষা | ০২ | × | ৯৯০/- | |
| ১২. | ২ বিষয় | মানবিক/ব্যবসায় শিক্ষা | ০৪ | ০২ | ১,৩৫০/- | |
| ১৩. | ২ বিষয় | মানবিক/ব্যবসায় শিক্ষা | ০৪ | × | ১,২১০/- | |
| ১৪. | ২ বিষয় | মানবিক/ব্যবসায় শিক্ষা | ০৩ | ০১ | ১,১৪৫/- | শুধু তত্ত্বীয় ও আই.সি.টি পরীক্ষার্থী |
| ১৫. | ২ বিষয় | মানবিক/ব্যবসায় শিক্ষা | ০৩ | ০৩ | ১,২৮৫/- | |

বি.দ্রঃ প্রযোজ্য ক্ষেত্রে সরকারি পাওনা ও সেশন ফি পরিশোধ করতে হবে এবং চতুর্থ বিষয়ে মানোন্নয়ন দেওয়া যাবে না।

০২/৪/২৪
প্রফেসর মোঃ বাহেজ উদ্দিন
আইডি. নং-৭৮৮২
অধ্যক্ষ
শহীদ বুলবুল সরকারি কলেজ, পাবনা

প্রফেসর মোঃ বাহেজ উদ্দিন (৭৮৮২)
অধ্যক্ষ
শহীদ বুলবুল সরকারি কলেজ, পাবনা।

০২/৪/২৪
আহ্বায়ক
উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট ফরমপূরণ ও পরীক্ষা কমিটি-২০২৪
শহীদ বুলবুল সরকারি কলেজ, পাবনা

অনুলিপি:

১। উপাধ্যক্ষ, শহীদ বুলবুল সরকারি কলেজ, পাবনা
২। সম্পাদক, শিক্ষক পরিষদ, শহীদ বুলবুল সরকারি কলেজ, পাবনা
৩। হিসাবরক্ষক, শহীদ বুলবুল সরকারি কলেজ, পাবনা
৪। অফিস নথি।